# 3 Yr. Degree/4 Yr. Honours 2nd Semester Examination, 2025 (CCFUP)

## Subject : Bengali

## Course: BENG2011 (MAJOR)

(বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ)

**Time: 3 Hours** **Full Marks: 60**

*The figures in the right hand margin indicate full marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের নামকরণ কে করেছিলেন? কাব্যটি আনুমানিক কোন শতাব্দীর রচনা?

(খ) চৈতন্যদেব কত সালে কার কাছে সন্ন্যাসদীক্ষা নেন?

(গ) লোচনদাসের সম্পূর্ণ নাম কী? তিনি 'চৈতন্যমঙ্গল' কোন গ্রন্থ অনুসরণ করে লেখেন?

(ঘ) বলরামদাস কোন শতাব্দীর কবি? কোন রসপর্যায়ের পদ রচনায় তিনি শ্রেষ্ঠত্ব অর্জন করেন?

(ঙ) মুকুন্দ চক্রবর্তী রচিত কাব্যটির ভণিতায় কাব্যের কোন নামটি বেশি ব্যবহৃত হয়েছে? কাব্যটির কয়টি খণ্ড?

(চ) দৌলত কাজীর কাব্যের নাম কী? কাব্যটি কবি কার অনুরোধে লেখেন?

(ছ) 'দস্যু কেনারামের পালা' কোন গ্রন্থে সংকলিত হয়েছে? পালাটির সংগ্রাহকের নাম লেখো।

(জ) 'কবিরঞ্জন' কে? তাঁকে এই উপাধি কে দিয়েছিলেন?

(ঝ) কৃত্তিবাস ওঝা কোন অঞ্চলের মানুষ ছিলেন? তাঁর রচিত রামায়ণ কোন প্রতিষ্ঠান থেকে প্রথম মুদ্রিত হয়ে প্রকাশিত হয়?

(ঞ) কেতকাদাস ক্ষেমানন্দ মঙ্গলকাব্য রচনার কোন ধারার কবি? তাঁর কাব্যটি কোন শতাব্দীর রচনা?

(ট) শিবায়ন কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তাঁর রচিত দুটি কাব্যের নাম লেখো।

(ঠ) রায়গুণাকর ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কোন রাজার পৃষ্ঠপোষকতায় কত খ্রিস্টাব্দে রচনা করেন?

(ড) মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক কে? তিনি নিজে মহাভারতের কতটুকু অংশ অনুবাদ করেছিলেন?

(ঢ) বিদ্যাপতির জন্মস্থান লেখো। তিনি কোন রাজার সভাকবি ছিলেন?

(ণ) কৃষ্ণদাস কবিরাজ রচিত চৈতন্যজীবনী গ্রন্থটির নাম কী? গ্রন্থটি ক-টি খণ্ডে বিভক্ত?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) চর্যাগীতি মূলত সাধনসংগীত, তৎসত্ত্বেও এর সাহিত্যমূল্য বড়ো কম নয়—মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

(খ) চৈতন্যজীবনী হিসেবে বৃন্দাবনদাস রচিত কাব্যটির গুরুত্ব আলোচনা করো।

(গ) বৈষ্ণবপদ রচনায় গোবিন্দদাসের কৃতিত্ব সংক্ষেপে লেখো।

(ঘ) মনসামঙ্গল কাব্য রচনায় বিজয় গুপ্তের কবিকৃতিত্ব আলোচনা করো।

(ঙ) সাধনগীতি হিসেবে বাউল গানের স্বরূপ আলোচনা করো।

(চ) শাক্তপদকর্তা হিসেবে কমলাকান্ত ভট্টাচার্যের কৃতিত্ব দেখাও।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যটির পরিচয় দাও।

(খ) 'অন্নদামঙ্গল' রচনায় কবি ভারতচন্দ্রের কবি প্রতিভার মূল্যায়ন করো।

(গ) বাংলা সাহিত্যের ইতিহাসে নাথসাহিত্যের গুরুত্ব নিরূপণ করো।

(ঘ) ধর্মমঙ্গল কাব্যের দু-জন কবির নাম লেখো। যে-কোনো একজন ধর্মমঙ্গল রচয়িতার কাব্যের বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও।

———————